



ক্রয়কৃত বাড়ি বিক্রয়ের টেন্ডার বিজ্ঞপ্তি

নিম্ন তফসিলে উল্লিখিত বাংলাদেশ হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন কর্তৃক ক্রয়কৃত ০৩ (তিন) তলা পাকা বাড়ি (সম্পত্তিসহ) যেখানে যে অবস্থায় আছে সিডিউলে বর্ণিত শর্তাধীনে বিক্রয় হবে। যে কোন অগ্রহী ক্রেতা তফসিলভুক্ত বাড়ি/একাধিক ইউনিট/ফ্ল্যাট কেনার জন্য একক ক্রেতা হিসাবে টেন্ডার দাখিল করতে পারবেন, তবে বাড়ি/একাধিক ইউনিট/ফ্ল্যাট কেনার জন্য পৃথক পৃথক টেন্ডার দাখিল করতে হবে। টেন্ডার দাখিলের সময় টেন্ডার দাতাকে কর্পোরেশনের নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে উদ্ধৃত মূল্যের ৫% আর্নেস্টম্যানি হিসাবে জমা করতে হবে।

সম্পূর্ণ বাড়িটি এককভাবে/একক ক্রেতা না পাওয়া গেলে ফ্ল্যাট ভিত্তিক আলাদা আলাদাভাবে একাধিক ক্রেতার নিকট বিক্রয় করা হবে। একজন ক্রেতা এক/একাধিক ফ্ল্যাট/ইউনিট ক্রয় করতে পারবেন। কিন্তু একাধিক ক্রেতা একটি ফ্ল্যাট/ইউনিট ক্রয় করতে পারবেন না।

এককালীন পরিশোধকারীদের ক্ষেত্রে টেন্ডার গ্রহণের ৩০(ত্রিশ) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা (৫% আর্নেস্টম্যানিসহ) পরিশোধ করতে হবে। কিস্তিতে পরিশোধকারীদের ক্ষেত্রে বিক্রয়মূল্যের কমপক্ষে ৫০% টাকা (৫% আর্নেস্টম্যানিসহ) ডাউনপেমেন্ট হিসাবে পরিশোধ করতে হবে। অবশিষ্ট ৫০% টাকা ৯% হার সুদে মাসিক কিস্তিতে সর্বোচ্চ ১৫(পনের) বছর/কম সময়ের মেয়াদে পরিশোধ করা যাবে (তবে কর্পোরেশনের পরিচালনা বোর্ড বা সরকার কর্তৃক যদি সুদের হার পরিবর্তন করা হয় তাহলে ক্রেতাকে পরিবর্তিত হারে সুদ প্রদানসহ অবশিষ্ট দেনা পুনঃ নির্ধারিত মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে)। এককালীন বা কিস্তিতে ক্রয়ে অগ্রহী ক্রেতাগণের ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতা অগ্রাধিকার পাবেন। সেক্ষেত্রে কর্পোরেশন নির্ধারিত সময়ের মধ্যে এককালীন মূল্য পরিশোধকারী ক্রেতাকে ক্রয় মূল্যের উপর ৫% ইনসেন্টিভ দেয়া হবে।


এক-ই ব্যক্তি টেন্ডারে অংশগ্রহণ করে একাধিক ইউনিট/ফ্ল্যাট ক্রয়ের জন্য সর্বোচ্চ দরদাতা বিবেচিত হলে সে ক্ষেত্রে কেবল একটি ইউনিট/ফ্ল্যাটের জন্য টেন্ডার মূল্যের এককালীন পরিশোধ করতে হবে।

আগামী ১২.১১.২০২৬ খ্রি. তারিখ ১২:৩০ ঘটিকা পর্যন্ত জোনাল ও শাখা অফিস, রাজশাহী, ২৪৯, এয়ারপোর্ট রোড, সপুড়া, শালবাগান, রাজশাহী অথবা কর্পোরেশনের সদর দফতর সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএইচবিএফসি ভবন (৮ম তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ অথবা জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী-এ টেন্ডার দাখিল করা যাবে এবং এদিন বেলা ১২:৪০ ঘটিকায় যুগপৎভাবে টেন্ডার খোলা হবে। টেন্ডারদাতা/প্রতিনিধি (টেন্ডার দাতার লিখিত অনুমোদন সহকারে) ইচ্ছা করলে যে অফিসে টেন্ডার জমা দিয়েছেন সে অফিসে টেন্ডার খোলার সময় উপস্থিত থাকতে পারবেন। কর্পোরেশন কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন টেন্ডার গ্রহণ কিংবা যে কোন বা সকল টেন্ডার বাতিল করার ক্ষমতা/অধিকার সংরক্ষণ করে।

অগ্রহী ক্রেতাগণ জোনাল ও শাখা অফিস, রাজশাহী, ২৪৯, এয়ারপোর্ট রোড, সপুড়া, শালবাগান, রাজশাহী অথবা কর্পোরেশনের সদর দফতর সম্পদ ব্যবস্থাপনা বিভাগ, বিএইচবিএফসি ভবন (৮ম তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০ হতে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে (অফেরতযোগ্য) সোনালী ব্যাংকের নির্ধারিত শাখায় জমা করে অফিস চলাকালীন সময়ে ১১.১১.২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত সিডিউল ক্রয় করতে পারবেন। কর্পোরেশনের স্থানীয় অফিসের নোটিশ বোর্ড থেকে সিডিউলের তথ্যাদি জানা যাবে। বিক্রিতব্য বাড়ির বিস্তারিত বিবরণ নিম্ন তফসিলে দেয়া হলো।

"তফসিল"

ক্রঃ নং	খণ্ড কেইস নং	জমির বিবরণ	বিক্রিতব্য বাড়ির বিবরণ	বাড়ির অবস্থান/ঠিকানা	মন্তব্য
১	মাঃ রাজ-৫২৬	জেলা- রাজশাহী, থানা/উপজেলা-বোয়ালিয়া, হাল-রাজপাড়া, মৌজা- চন্ডিপুর, মহল্লা- সুফিয়ানের মোড়, জে. এল নং-পুরাতন-২০৭ (হাল-০৬), সি. এস খতিয়ান নং-১১০, সি. এস দাগ নং-১৭৭, এস. এ খতিয়ান নং-৪৩২, এস. এ দাগ নং-৫৬৫, আর. এস খতিয়ান নং-২৩৪, আর. এস দাগ নং-৩৩৭, জমির পরিমাণ-০.০৪৩৭ একর। চৌহদ্দী:- উত্তরে- সিটি কর্পোরেশনের রাস্তা, দক্ষিণে-মোঃ শামসুদ্দিন, পূর্বে- মোঃ শামসুদ্দিন, পশ্চিমে-মৃত আয়তান মোল্লার ওয়ারিশ।	বাড়ির আয়তন-২৯৯১ বঃফুট, ইউনিট সংখ্যা- ০১টি (প্রতি ফ্লোরে), তলার সংখ্যা-০৩টি, প্রতি ইউনিট-এ বেড রুম-০২টি, ড্রইং রুম-০১টি, ডাইনিং রুম-০১টি, কিচেন-০১টি, বারান্দা-০১টি, বাথরুম-০২টি। প্রতি তলার আয়তন- ৯৯৭ বঃফুট।	চন্ডিপুর কদমতলা মোড়ের পশ্চিমের দিকে পুকুরের পূর্বে রাস্তার দক্ষিণে রাস্তাকের মুদিখানা দোকানের সামনে।	



(মোঃ মশলেহুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

সম্পদ ব্যবস্থাপনা বিভাগ

০২-৪১০৫১২৫২